



ওয়াশিংটনের প্রস্তাবে আনুষ্ঠানিক প্রতিক্রিয়া তেহরানের



সংগৃহীত ছবি

হরমুজ প্রণালি ঘিরে উত্তেজনা ও উপসাগরীয় অঞ্চলে ড্রোন হামলার শঙ্কার মধ্যেই যুক্তরাষ্ট্রের যুদ্ধবিরতি প্রস্তাবের জবাব দিয়েছে ইরান। দেশটির রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানিয়েছে, পাকিস্তানের মাধ্যমে সেই বার্তা ওয়াশিংটনের কাছে পৌঁছানো হয়েছে। তবে যুক্তরাষ্ট্র এখনো আনুষ্ঠানিক কোনো প্রতিক্রিয়া জানায়নি। ইরানের জবাবে যুদ্ধের বিভিন্ন ফ্রন্টে সংঘাত বন্ধ, লেবাননের পরিস্থিতি এবং হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের নিরাপত্তার বিষয় গুরুত্ব পেয়েছে। যদিও গুরুত্বপূর্ণ এই জলপথ পুরোপুরি কবে স্বাভাবিক হবে, সে বিষয়ে স্পষ্ট কিছু বলা হয়নি।

যুক্তরাষ্ট্রের প্রস্তাবে আগে যুদ্ধবিরতি এবং পরে ইরানের পারমাণবিক কর্মসূচিসহ অন্যান্য ইস্যুতে আলোচনা শুরু করার কথা ছিল। ফেব্রুয়ারির শেষ দিকে শুরু হওয়া সংঘাত মধ্যপ্রাচ্যে নিরাপত্তা ও জ্বালানি সংকট আরও বাড়িয়েছে।

এদিকে কাতারএনার্জির এলএনজিবাহী জাহাজ 'আল খারাইতিয়াত' হরমুজ প্রণালি পেরিয়ে পাকিস্তানের পথে রওনা হয়েছে। যুদ্ধ শুরুর পর এটিই প্রথম কাতারি গ্যাসবাহী জাহাজ, যা এই পথ ব্যবহার করল। এছাড়া ব্রাজিলগামী একটি বাল্ক ক্যারিয়ারও নিরাপদে প্রণালি অতিক্রম করেছে।

তবে উত্তেজনা এখনো কমেনি। রোববার সংযুক্ত আরব আমিরাত, কাতার ও কুয়েত শত্রুভাবাপন্ন ড্রোন শনাক্তের কথা জানিয়েছে। আমিরাত দাবি করেছে, তারা ইরান থেকে আসা দুটি ড্রোন ভূপাতিত করেছে।